



00000000 (0000 00000)

0000 000000 0000 000000000000

**Job Category:** Law/Legal

**Job Source:** 00000 00000

## Job Summary

**Posted On:** 12 Nov 2024

**Application Deadline:**26 Nov 2024



## ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন আইন বিভাগ

কক্ষ নং-৪৩৬, নগর ভবন, ফুলবাড়িয়া, ঢাকা-১০০০।

স্মারক নং-৪৬.২০৭.০০৪.২০.১৯.১০৪৩.২০২৪.

তাং-১০/১১/২০২৪ খ্রি.।

### আইনজীবী প্যানেলভুক্ত করণের নিমিত্তে দরখাস্ত আহ্বান

ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন (ডিএসসিসি) এর পক্ষে/বিপক্ষে উচ্চ আদালত ও নিম্ন আদালত সমূহে মামলা পরিচালনার নিমিত্তে আইনজীবী প্যানেল তৈরীর লক্ষ্যে আইন পেশায় নিয়োজিত নিম্নোক্ত যোগ্যতা ও দক্ষতাসম্পন্ন বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্রমিক নং	পদের নাম	প্রয়োজনীয় যোগ্যতা
১.	ক) উচ্চ আদালতের তালিকাভুক্ত আইনজীবী	<ul style="list-style-type: none"><li>স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে এলএলবি এবং এলএলএম/বার-এট-ল ডিগ্রী।</li><li>আইনজীবী হিসেবে মহামান্য সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগে ১০ (দশ) বছরের বাস্তব অভিজ্ঞতাসহ ঢাকা শহরে নিজস্ব বা ভাড়ায় চেম্বার থাকতে হবে। তবে সুপ্রীম কোর্টের আপীল বিভাগে তালিকাভুক্ত আইনজীবীগনকে অগ্রাধিকার দেয়া হবে।</li></ul>
২.	খ) নিম্ন আদালতে তালিকাভুক্ত আইনজীবী	<ul style="list-style-type: none"><li>স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে এলএলবি এবং এলএলএম/বার-এট-ল ডিগ্রী।</li><li>আইন পেশায় নিম্ন আদালতে ১০(দশ) বছরের বাস্তব অভিজ্ঞতাসহ ঢাকা শহরে নিজস্ব বা ভাড়ায় চেম্বার থাকতে হবে। তবে হাইকোর্ট বিভাগে তালিকাভুক্ত বিজ্ঞ আইনজীবীগনকে অগ্রাধিকার দেয়া হবে।</li></ul>

### সমসংল

- ক) প্যানেল আইনজীবী ডিএসসিসি'র স্বার্থ আছে এমন কোন মামলায় ডিএসসিসি'র বিপক্ষে প্রতিদ্বন্দ্বিতা করতে পারবেন না।
- খ) নিয়োজিত প্যানেল আইনজীবীকে মামলার হালনাগাদ অগ্রগতি প্রতিবেদন মামলার তালিকাসহ ডিএসসিসি'র নির্দিষ্ট ছকে প্রতিমাসে আইন বিভাগে দাখিল করতে হবে।
- গ) কোন মামলার রায় ডিএসসিসি'র পক্ষে/বিপক্ষে হলে তাৎক্ষণিকভাবে পরবর্তী করণীয় বিষয়ে জরুরী ভিত্তিতে মতামতসহ আইন বিভাগকে অবহিত করতে হবে।
- ঘ) প্যানেলভুক্ত আইনজীবীগন ডিএসসিসি'র বিদ্যমান নীতিমালা অনুযায়ী ফিস (সরকারী ভ্যাট ও ট্যাক্স ব্যতীত) প্রাপ্য হবে।
- ঙ) বিজ্ঞ প্যানেল আইনজীবীর পেশাগত কার্যক্রম সন্তোষজনক না হলে কোন কারণ দর্শানো ব্যতিরেকে তাঁর নিয়োগ বাতিল/স্থগিত করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।
- চ) আবেদনপত্রের সাথে ২(দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদপত্র, সংশ্লিষ্ট বার এনরোলমেন্ট সনদ, জাতীয় পরিচয়পত্রের কপি, ড্রেড লাইসেন্সের কপি, চেম্বারের স্বপক্ষে ভাড়ার চুক্তি/নিজে মালিক হলে ট্যাক্স পরিশোধের কপি দাখিল করতে হবে।
- ছ) অসম্পূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন আবেদন বাতিল করতে পারবেন।
- জ) আবেদনকারী অন্য কোন প্রতিষ্ঠানে তালিকাভুক্ত থাকলে তার বিরোধ/প্রমানক দাখিল করতে হবে।
- ঝ) আবেদনকারী ক্রমিক ১ ও ২ এ উল্লিখিত পদের যে কোন ১(এক)টি পদে আবেদন করতে পারবেন।
- ঞ) আবেদনকারীর নাম, (স্পষ্টভাবে বাংলায় ও ইংরেজীতে), পিতা/মাতার নাম, স্থায়ী ও বর্তমান ঠিকানা, জন্ম তারিখ, শিক্ষাগত যোগ্যতা, আইনজীবী হিসেবে বাংলাদেশ বার কাউন্সিলে তালিকাভুক্তির সনদ ও সংশ্লিষ্ট আইনজীবী সমিতির সদস্যত্ব সনদ, জাতীয় পরিচয়পত্রের কপিসহ পূর্ণাঙ্গ আবেদনপত্র, আইন কর্মকর্তা, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, কক্ষ নং-৪৩৬, নগর ভবন, ফুলবাড়িয়া, ঢাকা-১০০০ বরাবর আগামী ২৬/১১/২০২৪ খ্রি. তারিখের মধ্যে প্রেরণ করতে হবে।

১০.১১.২০২৪

✓ আইন কর্মকর্তা

ফোন নং-০২২২৩৩৫০৯৬৬

কক্ষ নং-৪৩৬, নগর ভবন,

ফুলবাড়িয়া, ঢাকা-১০০০।

ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন।

ডিএসসিসি/পিআরডি/১১৭/২০২৪-২০২৫